বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

**৩১ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৮৭তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | **৩১ জুলাই ২০২৪** |
| সভার সময় | **দুপুর ২.৩০ টা** |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভাপতি কোম্পানির ৮৭তম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। অতঃপর তিনি পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ জানান। কোম্পানি সচিব জনাব মোঃ মোজাহার আলী ব্যবস্থাপনা পরিচালক ও সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড-ইনচার্জগণকে স্বাগত জানিয়ে বিগত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে বিগত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| **২.০।** | **অপারেশন ডিভিশন:** | | | |
| ২.১। | গ্যাস ফ্লো মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড করার লক্ষ্যে ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন। | সভাকে অবহিত করা হয় যে, গ্যাস ফ্লো-এর মিটারিং ব্যবস্থায় ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/ স্থাপন বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দাখিল করা হয়েছে। | কমিটির প্রতিবেদন দাখিলের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত অনুযায়ী ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন বিষয়ে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ এবং সংশ্লিষ্ট কমিটি |
| **৩.০।** | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রথমে তিতাস-জি লোকেশনে কম্প্রেসর স্থাপন কাজ সম্পাদনের লক্ষ্যে কার্যক্রম পরিচালিত হচ্ছে। তৎপরবর্তীতে তিতাস-ই লোকেশনে কম্প্রেসর স্থাপন করা হবে। এ লক্ষ্যে জি-লোকেশনে রুম নির্মাণসহ অন্যান্য সিভিল ওয়ার্কস সম্পন্ন করা হচ্ছে। ই-লোকেশনের সিভিল ওয়ার্কসও দ্রুত শুরু হবে। এছাড়া, প্রকল্পের জন্য ক্রয়তব্য ফরেন ম্যাটেরিয়েলস এর শিপমেন্ট হয়েছে এবং মালামালের বিল পরিশোধ প্রক্রিয়াধীন আছে। | "তিতাস লোকেশন-ই এবং জি তে ওয়েলহেডে কম্প্রেসর স্থাপন" প্রকল্প সুষ্ঠুভাবে ও যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করে তদনুযায়ী কার্যক্রম সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্প। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এর জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে সভাকে অবহিত করা হয় যে, ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের অধীনে ১টি কূপ (তিতাস-১৪) এর ওয়ার্কওভার সম্পন্ন হয়েছে। বর্তমানে হবিগঞ্জ-৫ নং কূপের ওয়ার্কওভার করা হবে। মালামাল সংগ্রহের জন্য এলসি ইস্যু, ৫টি গ্রুপের PCI এবং রিগ ফাউন্ডেশন কাজ সম্পন্ন হয়েছে। মালামাল মবিলাইজেশন ও রিগ শিফ্‌টিংয়ের বিষয়ে বাপেক্সকে পত্র দেয়া হয়েছে। প্রসেস প্লান্টের মডিফিকেশন কাজও দ্রুত শুরু হবে। মহাব্যবস্থাপক (অপারেশন) মালামাল মবিলাইজেশনকালে আন্ডারগ্রাউন্ড পাইপলাইন ও অন্যান্য ইকুইপমেন্টের সেইফটির বিষয়টি নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। হেভি ইকুইপমেন্ট পরিবহনের নিমিত্ত গাড়ী চলাচলের জন্য রাস্তা তৈরি এবং ব্লক বসানো যেতে পারে। এছাড়া, গ্যাস সরবরাহ সংশ্লিষ্ট লাইভ-লাইনসমূহের মডিফিকেশন কাজ ওয়েল শাট ডাউনের পর দ্রুত সম্পাদনের বিষয়ে মতামত ব্যক্ত করা হয়। | হবিগঞ্জ-৫ নং কূপের ওয়ার্কওভার কাজ অক্টোবর মাসের ১ম সপ্তাহের মধ্যে শুরু করতে হবে। মালামাল সংগ্রহের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। মালামাল মবিলাইজেশন ও রিগ শিফ্‌টিংয়ের বিষয়ে বাপেক্স-এর সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। মালামাল মবিলাইজেশন-কালে আন্ডারগ্রাউন্ড পাইপলাইন ও অন্যান্য ইকুইপমেন্টের সেইফটি নিশ্চিত করতে হবে। হেভি ইকুইপমেন্ট পরিবহনের নিমিত্ত গাড়ী চলাচলের জন্য রাস্তা তৈরি এবং ব্লক বসাতে হবে। প্রসেস প্লান্টের গ্যাস সরবরাহ সংশ্লিষ্ট লাইভ-লাইনসমূহের মডিফিকেশন কাজ ওয়েল শাট ডাউনের পর পরই দ্রুত সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৩। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় ২০২৫ সালের মধ্যে ৪৮টি গ্যাস কূপের উন্নয়ন কার্যক্রমে বিজিএফসিএল-এর ৮টি কূপের ওয়ার্কওভার ও ৬টি কূপ ড্রিলিং (২টি ডিপ-ড্রিলিং) অন্তর্ভুক্ত আছে। এছাড়া, ২০২৬-২০২৮ মেয়াদে ১০০টি গ্যাস কূপের উন্নয়ন কার্যক্রমের মধ্যে বিজিএফসিএল-এর ১২টি কূপের ওয়ার্কওভার ও ৯টি কূপ ড্রিলিং রয়েছে। এ সকল কার্যক্রমের বিষয়ে পেট্রোবাংলার সাথে যোগাযোগ অব্যাহত রাখার পাশাপাশি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/সমন্বয়ক |
| | **বর্তমানে প্রস্তাবিত ৩টি প্রকল্প রয়েছে যেগুলোর সার্বিক অবস্থা নিম্নরূপ:** | | | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ক) হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরি: ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি একনেক কর্তৃক শীঘ্রই অনুমোদন হবে বলে আশা করা যাচ্ছে। এছাড়া, কোম্পানির পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে নির্বাচিত ঠিকাদারগণ বরাবর RFA প্রদান করা হয়েছে। অপরদিকে বাপেক্স কর্তৃক মালামাল ক্রয়ের বিষয়টি তাদের বোর্ডে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে মর্মে জানা গিয়েছে। | হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। কার্যক্রম শুরুর বিষয়ে বাপেক্স-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়ক |
| | খ) তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, তিতাস ফিল্ডে ৩টি এবং কামতা ফিল্ডে ১টি সর্বমোট ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের মধ্যে বর্তমানে তিতাস ফিল্ডে ৩টি কূপ খনন কার্যক্রম গ্রহণের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা পাওয়া গিয়েছে। এ লক্ষ্যে ভূমি একুইজিশন/ রিকুইজিশন কার্যক্রম শেষ পর্যায়ে আছে। ইতোমধ্যে ভূমির উন্নয়ন কার্যক্রমের টেন্ডার হয়েছে। প্রকল্প সমন্বয়ক সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপর্যুক্ত কূপসমূহের গ্যাস তিতাস-সি লোকেশনের প্রসেস প্লান্টে প্রক্রিয়াকরণের নিমিত্ত প্রায় ৫.৫ কি:মি: পাইপলাইন স্থাপন করা হবে। এ পাইপলাইনের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি উচ্চচাপসম্পন্ন গ্যাস প্রক্রিয়াকরণের ক্ষেত্রে তিতাস-সি লোকেশনের প্রসেস প্লান্টের অপারেশনাল সক্ষমতা পর্যালোচনা করে পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় রয়েছে। | তিতাস ফিল্ডে ৩টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। রিগ মোবিলাইজেশনের পূর্বে সাইট ডেভেলপমেন্ট সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। উচ্চচাপসম্পন্ন গ্যাস প্রক্রিয়াকরণের ক্ষেত্রে তিতাস-সি লোকেশনের প্রসেস প্লান্টের অপারেশনাল সক্ষমতা পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |
| | গ) তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্প। | তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি অনুমোদনাধীন আছে। নিজস্ব অর্থায়নে প্রকল্প কার্যক্রম এগিয়ে নেয়া হচ্ছে। ইতোমধ্যে কনসালটেন্ট-এর সাথে চুক্তি সম্পাদন হয়েছে। | ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ভূমি অধিযাচন/হুকুম দখল ও উন্নয়নের বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৪। | প্রকল্প মালামালের স্টোর ব্যবস্থাপনা। | উপমহাব্যবস্থাপক (এসটিআইসি) সভাকে অবহিত করেন যে, চলমান ওয়ার্কওভার প্রকল্পের মালামাল সংরক্ষণের জন্য তিতাস-সি লোকেশনের ৪টি স্টোরের মধ্যে ইতিমধ্যে ১টি স্টোর খালি করা হয়েছে। ক্রমান্বয়ে অপর ৩টি স্টোরও খালি করা হবে। তবে, স্টোরস-এ সংরক্ষিত ব্যবহার অযোগ্য কেমিক্যাল ডিসপোজালের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রকল্পের মালামালের স্টোরিং-এর জন্য তিতাস-সি লোকেশনের পুরাতন ৪টি স্টোর দ্রুত খালি করতে হবে।<br><br>স্টোরস-এ সংরক্ষিত ব্যবহার অযোগ্য কেমিক্যাল ডিসপোজালের বিষয়ে প্রস্তাবনা প্রণয়ন এবং কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)-আহ্বায়ক<br>খ) উপমহাব্যবস্থাপক (এসটিআইসি)- সদস্য-সচিব<br>গ) প্রকল্প পরিচালক, ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্প | মহাব্যবস্থাপক (এমটি এন্ড আইসিটি)/(প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট)/ (এসটিআইসি) ও সংশ্লিষ্ট পিডি |
| ৩.৫। | ফিল্ডসমূহের জন্য Fire License সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য Fire License সংগ্রহের নিমিত্ত Fire Plan প্রণয়নের জন্য নির্বাচিত প্রফেশনাল প্রতিষ্ঠানের দাখিলকৃত খসড়া প্রতিবেদন সংশ্লিষ্ট কমিটি কর্তৃক review করা হয়েছে যা কর্তৃপক্ষ বরাবর দ্রুত পেশ করা হবে। | কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য Fire Plan-টি মহাব্যবস্থাপকগণের সভায় পর্যালোচনা করে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৩.৬। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ ফিল্ডের ECC শীঘ্রই হস্তগত হবে বলে আশা করা যাচ্ছে। বাখরাবাদ ফিল্ডে ETP স্থাপনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ETP স্থাপনের পর ECC সংগ্রহ করা যাবে। | হবিগঞ্জ ও বাখরাবাদ ফিল্ডের ECC যথাশীঘ্র সংগ্রহ করতে হবে। এ লক্ষ্যে বাখরাবাদ ফিল্ডের ETP স্থাপন কাজ দ্রুত শুরু করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.৭। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জন। | উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও এপিএ ফোকাল পয়েন্ট APA এর ২০২৩-২৪ অর্থবছরে মুল কার্যক্রমে পূর্ণ ৭০ নম্বর বা ১০০% অর্জিত হয়েছে মর্মে জানান। অপরদিকে APA এর ফাইভ টুলস্ NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, Citizen Charter এবং RTI এর ফোকাল পয়েন্টগণ লক্ষ্যমাত্রার পূর্ণ ৩০ নম্বর বা ১০০% অর্জন হয়েছে। বাৎসরিক প্রতিবেদন এবং প্রমাণকসমূহ যথাযথভাবে দাখিল হয়েছে। সভাকে আরও অবহিত করা হয় যে, ২০২৪-২৫ অর্থবছরের APA ২৭ জুন ২০২৪ তারিখে স্বাক্ষরিত হয়েছে। | সকলের নিবেদিত ও সম্মিলিত প্রয়াসের ফলে ২০২৩-২৪ অর্থবছরে APA এর লক্ষ্যমাত্রার শতভাগ নম্বর অর্জিত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করে সকলের প্রতি অপরিসীম কৃতজ্ঞতা জানান।<br><br>APA এর ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৮। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, প্রতি বছর ন্যূনতম একটি উদ্ভাবনী (Innovation) কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা থাকায় চলতি বছর Gas production Report Automation বিষয়ক উদ্ভাবনী (Innovation) কার্যক্রম কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।<br><br>জুলাই ২০২৪ মাসের প্রথম সপ্তাহে ডি-নথির উপর একটি প্রশিক্ষণ হয়েছে। | উদ্ভাবনী (Innovation) উদ্যোগ হিসেবে Gas production Report Automation বাস্তবায়নের লক্ষ্যে এ সংক্রান্ত ICT কার্যক্রম ICT বিভাগ কর্তৃক সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম গতিশীল করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৪.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৪.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও Right of way সংরক্ষণ: | | | |
| | ক) প্রধান কার্যালয় গোকর্ণঘাট এলাকা। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার Right of Way তে স্থায়ী পিলার বসানোর জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। বর্ষার পানি নেমে গেলে এবং বৃষ্টি-বাদলা শেষ হলে এস্টেট বিভাগের মাধ্যমে মাপ-জোক সম্পন্ন করে স্থায়ী পিলার বসানো হবে। তাছাড়া, ভূমি দখলমুক্ত করার লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সহযোগিতা নিতে হবে। | বর্ষার পানি নেমে গেলে এবং বৃষ্টি-বাদলা শেষ হলে এস্টেট বিভাগের মাধ্যমে মাপ-জোক সম্পন্ন করে Right of Way তে স্থায়ী পিলার বসানোর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>Right of Way-তে থাকা স্থাপনাসমূহ উচ্ছেদে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট)/(নিরাপত্তা) |
| | খ) মেঘনা ও কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের মেইন গেট সংলগ্ন ভূমির মাপ-জোক সম্পন্ন হয়েছে। ফিল্ডের ভূমিসমূহ ও Right of Way-র মাপ-জোকের কাজ সম্পাদন করতে হবে। মাপ-জোকের ক্ষেত্রে ভূমিসমূহের রেকর্ড হালনাগাদ করার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়। | কামতা ফিল্ডের Right of way-সহ ভূ-সম্পত্তির রেকর্ড হালনাগাদ কাজ দ্রুত সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (সিভিল)/ (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| | গ) বাখরাবাদ ফিল্ড সংলগ্ন কোম্পানির ভূ-সম্পত্তি। | আলোচনাকালে উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) সভাকে অবহিত করেন যে, ফিল্ড থেকে প্রায় ২ কিঃমিঃ দূরে গোমতী নদীর তীরে অবস্থিত কোম্পানির ভূমি চিহ্নিত করা হয়েছে। উক্ত ভূমির হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে। এছাড়া, ফিল্ডের লোকেশন-সি থেকে লোকেশন-এ পর্যন্ত স্থাপিত পাইপলাইন সংশ্লিষ্ট ভূমি চিহ্নিতকরণ করা প্রয়োজন। | • গোমতী নদীর তীর সংলগ্ন কোম্পানির ভূমির হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।<br><br>• ফিল্ডের লোকেশন-সি থেকে লোকেশন-এ পর্যন্ত স্থাপিত পাইপলাইন সংশ্লিষ্ট ভূমির চিহ্নিতকরণ কাজ এস্টেট বিভাগের সহায়তা নিয়ে ফিল্ড ইনচার্জ কর্তৃক সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| | ঙ) নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় সেখানকার দালান-কোঠা অপসারণ। | উপমহাব্যবস্থাপক (নরসিংদী) সভাকে অবহিত করেন যে, নরসিংদী ফিল্ডের সম্মুখভাগ এবং আবাসনের সংস্কার সংক্রান্ত ডিজাইন-ড্রইং চূড়ান্ত করা হচ্ছে। তদনুযায়ী ফিল্ডের পুরকৌশল সংস্কার কাজ শুরু করার পরিকল্পনা আছে। | নরসিংদী ফিল্ডের সম্মুখভাগ এবং আবাসনের সংস্কার সংক্রান্ত ডিজাইন-ড্রইং চূড়ান্ত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/ (পুরকৌশল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.২। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/এসএ/বিএস রেকর্ড হালনাগাদ করা। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে বেশ কিছু ভূ-সম্পত্তির বিএস রেকর্ড সম্পাদন করা হয়েছে। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ এস্টেট |
| **৫.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৫.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার প্রণয়নের খসড়া প্রস্তাবনা বিষয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। তিতাস-এ তে ডাটা সেন্টার/সার্ভার স্টেশনের জন্য কক্ষ নির্বাচন করা হয়েছে। | • কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি ডাটা সেন্টার/সার্ভার প্রণয়নের খসড়া প্রস্তাবনা উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/ (পিডি)/(অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৫.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট ৩টি কমিটির কার্যক্রম চলমান আছে। আলোচনাকালে মহাব্যবস্থাপক (প্রশাসন) কোম্পানির বিভিন্ন ফিল্ডের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও বিভিন্ন মালামালের অবিন্যস্ততা সম্পর্কে সম্প্রতি একজন কর্মচারীর উত্থাপিত অভিযোগের প্রতি সবার দৃষ্টি আকর্ষণ করেন। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট কমিটিসমূহের প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>বিভিন্ন ফিল্ডের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও বিভিন্ন মালামালের সুবিন্যস্ত রাখার বিষয়ে সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জগণকে সচেতন ও তৎপর হতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৫.৩। | কোম্পানির স্ক্র্যাপ মালামাল অপসারণ। | কোম্পানির বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল অপসারণ করে পরিষ্কার-পরিচ্ছন্নকরণ এবং সংশ্লিষ্ট স্থানসমূহ ব্যবহার উপযোগী করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। | বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল অপসারণ করে পরিষ্কার-পরিচ্ছন্নকরণ এবং সংশ্লিষ্ট স্থানসমূহ ব্যবহার উপযোগী করার লক্ষ্যে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| **৬.০।** | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৬.১। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্ত দেখে কোনরূপ পরিবর্তন/সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সেটি/সেগুলো স্ব স্ব ডিভিশনের মাধ্যমে লিখিতভাবে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্তের কোনরূপ পরিবর্তন/ সংশোধনের প্রয়োজন হলে এ বিষয়ে লিখিত আবেদন ডিভিশনাল প্রধানের মাধ্যমে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন) |
| ৬.২। | কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ সংশোধন প্রস্তাবনা মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব প্রণয়ন করে কমিটি কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব দ্রুত মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬.৩। | হাই প্রেশার ওয়েল্ডার এবং হেভি ভেহিক্যাল ড্রাইভার পদে দক্ষ জনশক্তি তৈরি। | উপমহাব্যবস্থাপক (মানবসম্পদ) সভাকে অবহিত করেন যে, হাই প্রেশার ওয়েল্ডার এবং হেভি ভেহিক্যাল ড্রাইভার হিসেবে দক্ষ জনশক্তি তৈরির পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে শীঘ্রই হেভি ভেহিক্যাল ড্রাইভিং বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে। হাই প্রেশার ওয়েল্ডিং বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের জন্য TICI এর সাথে যোগাযোগ করা হচ্ছে। | কোম্পানির গাড়ী চালকদের হেভি ভেহিক্যালের উপর প্রশিক্ষণ প্রদান করে দক্ষ জনশক্তি হিসেবে তৈরি করতে হবে। পাশাপাশি কোম্পানির ওয়েল্ডারদের মধ্য হতে হাই প্রেশার ওয়েল্ডিং বিষয়ে স্বনামধন্য প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) |
| ৬.৪। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখা। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার স্বার্থে কোম্পানির কেন্দ্রীয় নিরাপত্তা কমিটির সভা আয়োজন এবং পরিদর্শন কার্যক্রম প্রতিমাসে সম্পাদন করা প্রয়োজন। | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিকতর তৎপর এবং সচেষ্ট হতে হবে।<br><br>কোম্পানির কেন্দ্রীয় নিরাপত্তা কমিটির সভা এবং পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৬.৫। | কোম্পানির চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণ। | বাজেট সীমার মধ্যে চিকিৎসার ব্যয় নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত আছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| **৭.০।** | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ৭.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় সন্তোষ প্রকাশ করে উল্লেখ করেন যে, কোম্পানির ২০২৩-২৪ অর্থবছরের অপারেশনাল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালিত হয়েছে। তবে, কিছু ক্ষেত্রে বাজেট ভেরিয়েন্স হয়েছে যার যৌক্তিকতা তুলে ধরে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে। তিনি ২০২৪-২৫ অর্থবছরের সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সচেষ্ট থাকার এবং দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে ব্যয় সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের সাম্প্রতিক নির্দেশনা যথাযথ অনুসরণের জন্য সকলের প্রতি অনুরোধ জানান। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

পরিশেষে ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির বিভিন্ন কার্যক্রম বিষয়ে সমন্বয় সভায় গঠিত কমিটিসমূহকে নিজ নিজ কমিটির কার্যক্রম যথাসময়ে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া, কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৬ শ্রাবণ ১৪৩১
৩১ জুলাই ২০২৪

১২-০৮-২০২৪
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২৪.১০৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
২। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, বিজিএফসিএল;
৫। ব্যবস্থাপক (মেঘনা) (অতিরিক্ত দায়িত্ব), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৬। ব্যবস্থাপক (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং
৭। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১২-০৮-২০২৪
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) CamScanner 08-11-2024 16.24